যুগান্তর

তারিখ: 29 DEC 2015 পৃষ্ঠা: ২ কলাম: ৬

জাতীয় বিশ্ববিদ্যালয়

# মাস্টার্স শেষ পর্বের পরীক্ষার ফল প্রকাশ

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১২ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফল সোমবার সন্ধ্যা ৭টায় প্রকাশ করা হয়েছে। এ পরীক্ষায় ৩০টি বিষয়ে সারা দেশে ১১৭টি কলেজের ১ লাখ ২৭ হাজার ৮৮৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। প্রকাশিত ফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd ও www.nubd.info থেকে পাওয়া যাবে। এছাড়া যে কোনো মোবাইল থেকে SMS-এর মাধ্যমে nu<space>mf<space> Roll লিখে ১৬২২২ নম্বরে Send করে ফল জানা যাবে।

**মাস্টার্স ১ম পর্বে ভর্তির বিষয় পরিবর্তন ও কোটার তালিকা প্রকাশ আজ :** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির ১ম মেধা তালিকার বিষয় পরিবর্তন ও কোটার মেধা তালিকা আজ প্রকাশ করা হবে। SMS-এর মাধ্যমে বিকাল ৪টা থেকে যে কোনো মোবাইলের মেসেজ অপশনে গিয়ে (NU<space>ATMP<space>Roll No লিখে ১৬২২২ নম্বরে Send করে এবং রাত ৯টায় ওয়েবসাইট www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd থেকে তা পাওয়া যাবে।

**স্নাতকোত্তর (প্রফেশনাল) ভর্তির আবেদনের সময় বৃদ্ধি :** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫ সালের স্নাতকোত্তর (প্রফেশনাল) কোর্সের বিএড, বিপিএড, বিএমএড, বিএসএড, এমএড, এমএসএড ও এলএলবি শেষ বর্ষের অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদনের সময় ৭ জানুয়ারি ২০১৬ রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।